গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা

স্মারক নং-সএক/৪৬৪

তারিখ: ০৫/০৭/২০২৩ খ্রি.

এইচএসসি পরীক্ষা-২০২৩ এর ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র কলেজে ২০২৩ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু পরীক্ষার্থীদের আবেদন ফরম পূরণ আগামী ০৯/০৭/২০২৩ খ্রি. থেকে বিজ্ঞান চত্বরে নিম্নোক্ত সময়সূচী অনুযায়ী শুরু হবে। শিক্ষার্থীদেরকে বিজ্ঞপ্তি অনুসরণ করে যথাযথভাবে ফরম পূরণ করতে বলা হলো।

গ্রুপের নাম	ফরম পূরণের তারিখ
বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা (নিয়মতি, অনিয়মিত ও গ্রেড উন্নয়ন)	০৯/০৭/২০২৩ থেকে ১৩/০৭/২০২৩

ফরমপূরণ ফি এর পরিমান:

পরীক্ষার্থীর ফি'র বিবরণ	বিজ্ঞান	মানবিক/ব্যবসায় শিক্ষা	ফরম পূরণের ফি প্রদান
পরীক্ষার ফি ১১০ X ১৩	১৪৩০/-	১৪৩০/-	ডাচ্ বাংলা মোবাইল ব্যাংকিং Biller ID 2133 নং এ টাকা প্রদান করতে হবে।
ব্যবহারিক ফি ৭০ X ৮	৫৬০/-		
আইসিটি ব্যবহারিক ফি ৪৫ X ১	৪৫/-	৪৫/-	
ট্রান্সক্রিপ্ট ফি ৫০ X ১	৫০/-	৫০/-	
সনদ ফি ১০০ X ১	১০০/-	১০০/-	
রোভার স্কাউট/ গার্লস গাইড ১৫ X ১	১৫/-	১৫/-	
জাতীয় শিক্ষা সপ্তাহ ফি ৫ X ১	৫/-	৫/-	
কেন্দ্র ফি ৪৫০	৪৫০/-	৪৫০/-	
ব্যবস্থাপনা ফি	৫০/-	৫০/-	
নিয়মিত সর্বমোট	২৭০৫/-	২১৪৫/-	
অনিয়মিত শিক্ষার্থী (যারা ইতিপূর্বে পরীক্ষায় অংশগ্রহণ করেনি)	২৮০৫/-	২২৪৫/-	
অনিয়মিত শিক্ষার্থী (যারা ইতিপূর্বে পরীক্ষায় অংশগ্রহণ করেছে)	২৭০৫/-	২১৪৫/-	
জিপিএ উন্নয়ন পরীক্ষার্থী	২৮০৫/-	২২৪৫/-	

বি.দ্র.:- ১। এক বা দুই বিষয়ের পরীক্ষার্থীকে প্রতি পত্র ফি ১১০/-, ব্যবহারিক ফি প্রতি পত্র ৭০/-, ট্রান্সক্রিপ্ট ফি ৫০/-, অনিয়মিত ফি ১০০/-, রোভার স্কাউট ফি ১৫/-, শিক্ষা সপ্তাহ ফি ৫/-, কেন্দ্র ফি ৪৫০/- ও ব্যবস্থাপনা ফি ৫০/-। প্রযোজ্য ক্ষেত্রে রেজিস্ট্রেশন নবায়ন ফি বাবদ ২৫০/- টাকা এতদসংগে জমা দিতে হবে।

২। প্রযোজ্য ক্ষেত্রে বিলম্ব ফি ১০০ টাকা (সকল পরীক্ষার্থীর জন্য) উল্লেখিত ফি-এর সাথে জমা দিয়ে ১৮ - ২৩ জুলাই ২০২৩ তারিখ পর্যন্ত ফরম পূরণ করা যাবে।

আবেদন ফরম পূরণের যোগ্যতাঃ

১। (ক) কেবল বৈধ রেজিস্ট্রেশনধারী এবং নির্বাচনি পরীক্ষায় সকল বিষয়ে উত্তীর্ণ পরীক্ষার্থীগণ আবেদন ফরম পূরণ করতে পারবে।

(খ) কোন পরীক্ষার্থী তার নিয়ন্ত্রণ বহির্ভূত কোন কারণ কিংবা শারিরিক অসুস্থতার জন্য নির্বাচনি পরীক্ষায় অংশগ্রহণ করতে না পারলে কিংবা নির্বাচনি পরীক্ষায় অনুত্তীর্ণ হলে সংশ্লিষ্ট পরীক্ষার্থীর অভিভাবকের লিখিত আবেদন ও পরীক্ষার্থীর প্রাক নির্বাচনি পরীক্ষার সন্তোষজনক ফলাফলের ভিত্তিতে পরীক্ষার ফরম পূরণ করতে পারবে।

(গ) যে সকল পরীক্ষার্থী ২০২২ সালে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় (এইচএসসি) GPA ৫.০০ (পাঁচ) এর কম পেয়েছে তারা GPA উন্নয়নের জন্য ২০২৩ সালের পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। এক্ষেত্রে সংশ্লিষ্ট পরীক্ষার্থীকে সকল বিষয়ে পরীক্ষা দিতে হবে। ২০২২ সালে আংশিক বিষয়ে পরীক্ষা দিয়ে উত্তীর্ণ পরীক্ষার্থীর এ সুযোগ পাবে না।

(ঘ) যে সকল পরীক্ষাথী ২০২০, ২০২১, ২০২২ সালের এইচএসসি পরীক্ষায় এক বা একাধিকবার অংশগ্রহণ করে এক/দুই বিষয়ে (চতুর্থ বিষয় বাদে) অকৃতকার্য/অনুপস্থিত হয়েছে রেজিস্টেশনের মেয়াদ থাকলে তারা ২০২৩ সালের অনুষ্ঠিতব্য উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় অবশিষ্ট অকৃতকার্য/অনুপস্থিত বিষয়/ বিষয়সমূহের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। আংশিক বিষয়ে অংশগ্রহণকারী পরীক্ষার্থীগণ কখনই চতুর্থ বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। তবে পরীক্ষার্থীগণ ইচ্ছা করলে এক/দুই বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ না করে চতুর্থ বিষয়সহ সকল বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

(ঙ) যে সকল পরীক্ষার্থী ২০২০, ২০২১, ২০২২ সালের এইচএসসি পরীক্ষায় এক/দুই বিষয়ে অকৃতকার্য/ অনুপস্থিত হয়ে ২০২০, ২০২১, ২০২২ সালের এইচএসসি পরীক্ষায় এক/দুই বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ কালে বহিষ্কার অথবা অভিযুক্ত হয়েছে এবং শৃঙ্খলা কমিটির সিদ্ধান্ত মোতাবেক ২০২০, ২০২১, ২০২২ সালের পরীক্ষা বাতিল হয়েছে, রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে তারা ২০২৩ সালের সকল বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। এ সকল পরীক্ষার্থী সরাসরি কমিটির সাথে লিখিতভাবে যোগাযোগ করবে।

৫/৭/২৩

...ট্রেশন নবায়ন সংক্রান্ত :

২০২২ সালের এইচএসসি পরীক্ষায় অনিয়মিত এবং প্রাইভেট পরীক্ষার্থীদের মধ্যে যারা দুই বা ততোধিক বিষয়ে (৪র্থ বিষয় বাদে) অকৃতকার্য হয়েছে এবং যাদের রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ হয়ে গেছে তারা কোন অবস্থাতেই রেজিস্ট্রেশন নবায়ন করে ২০২৩ সালে একাধিক বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

(খ) যে সকল পরীক্ষার্থী ২০২২ সালের পূর্বে এইচএসসি পরীক্ষার যে কোন এক বা একাধিক বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করে এক বিষয়ের (চতুর্থ বিষয় বাদে) পরীক্ষায় অকৃতকার্য হয়েছে এবং যে কোন কারণে তারা ২০২২ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারেনি অথচ তাদের ২০২২ সালে রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ হয়ে গেছে তারাও ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা নবায়ন ফি বোর্ডে জমা দিয়ে শুধু এক বারের জন্য রেজিস্ট্রেশন নবায়ন পূর্বক ২০২৩ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

(গ) রেজিস্ট্রেশন নবায়নকৃত পরীক্ষার্থীর নবায়ন ফি বাবদ অর্থ ফরম পূরণের(eFF) ফি এর সাথে গ্রহণ করা হবে বিধায় নবায়নকৃত পরীক্ষার্থীকে আলাদাভাবে নবায়ন ফি বাবদ অর্থ প্রদান করতে হবে না।

(ঘ) এইচএসসি পরীক্ষা ২০২৩ এর প্রবেশপত্র বিতরনের দিন কলেজ কর্তৃপক্ষকে নবায়নকৃত রেজিস্ট্রেশনধারী পরীক্ষার্থী/পরীক্ষার্থীদের মূল রেজিস্ট্রেশন কার্ডে নবায়নের সীল ও প্রয়োজনীয় স্বাক্ষর উচ্চ মাধ্যমিক পরীক্ষা শাখা থেকে সংগ্রহ করতে হবে।

বি:দ্র: আংশিক বিষয়ের পরীক্ষার্থী হিসেবে কখনই ৪র্থ বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে না এবং দুই বা ততোধিক বিষয়ে অকৃতকার্য থাকলে কখনই রেজিস্ট্রেশন নবায়ন করা যাবে না।

জিপিএ উন্নয়ন হিসেবে পরীক্ষায় অংশগ্রহণ সংক্রান্ত:

(ক) রেজিস্ট্রেশনের মেয়াদ থাকলে জিপিএ উন্নয়নের জন্য পরীক্ষার্থীরা পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার অব্যবহিত পরের বছরেই এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে: সেহেতু যে সকল পরীক্ষার্থী ২০২২ সালের এইচএসসি পরীক্ষায় জিপিএ ৫.০০ (পাঁচ) এর কম পেয়েছে তারা জিপিএ উন্নয়নের জন্য পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। তবে এ ক্ষেত্রে সংশ্লিষ্ট পরীক্ষার্থীকে ২০২৩ সালের এইচএসসি পরীক্ষায় নির্ধারিত সকল বিষয়ে পরীক্ষা দিতে হবে। জিপিএ উন্নয়নের ক্ষেত্রে রেজিস্ট্রেশন নবায়ন করা যাবে না।

(খ) যে সকল পরীক্ষার্থী এক/দুই বিষয়ে পরীক্ষা দিয়ে ২০২২ সালের এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তারা কখনই জিপিএ উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

(গ) **জিপিএ উন্নয়ন ফরম পূরণ সংক্রান্ত কাজ online- এ সম্পন্ন করতে হবে।**

৪। এইচএসসি পরীক্ষা-২০২৩ অনুষ্ঠানের তারিখ: ১৭/০৮/২০২৩ খ্রি. (বৃহস্পতিবার)

ছাত্র-ছাত্রীদের করনীয়

৫। পরীক্ষার্থীগণ ডাচ্ বাংলা মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে আবেদন ফরমের ফি 2133 নং Biller ID তে টাকা প্রদান করতে হবে।

৬। কলেজ থেকে সরবরাহকৃত ফরম পূরণ করে এর সাথে ১ কপি পাসপোর্ট সাইজের ছবি ও এইচএসসি-এর রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি সংযুক্ত করে কমিটির নিকট জমা দিতে হবে।

৭। যে সকল পরীক্ষার্থী ২০২২ সালের পরীক্ষার ফরম পূরণ করেছিল তাদের প্রবেশপত্রের মূল কপি ফরমের সাথে সংযুক্ত করতে হবে।

৮। জমাকালীন সময়ে শিক্ষার্থীকে কমিটির নিকট জমা থাকা প্রিন্ট আউটে ১ম বার স্বাক্ষর করতে হবে এবং ১৯/০৭/২০২৩ তারিখে ২য় বার প্রিন্ট আউট কপিতে অবশ্যই স্বাক্ষর করতে হবে।

৯। **টাকা প্রদানের স্থানঃ** ডাচ্ বাংলা মোবাইল ব্যাংকিং একাউন্ট খোলা হয়েছে এমন ব্যক্তিগত মোবাইল থেকে/ ডাচ্ বাংলা মোবাইল ব্যাংকিং এজেন্টের দোকান থেকে/ ডাচ্ বাংলা ব্যাংক শাখা থেকে/ ডাচ্ বাংলা মোবাইল ব্যাংকিং শাখা থেকে/ ডাচ্ বাংলা ব্যাংক ফাস্ট ট্র্যাক শাখা থেকে।

১০। **টাকা প্রদানের নিয়মঃ** মোবাইল থেকে Dial *322# >Replay-1 (payment) >Replay-1 (Bill pay) >Replay-1> 2133 (Biller ID > Replay Student's Registration No (Bill No) > Amount (Tk...) যার ক্ষেত্রে যে টাকা প্রযোজ্য > মোবাইল ব্যাংকিং একাউন্টের ৪ ডিজিটের গোপন পিন নম্বর (****) > Successful sms.

১১। ডাচ্ বাংলা অন-লাইন ব্যাংকিং থেকে পেমেন্ট স্লিপ পাওয়ার অন-লাইন লিঙ্ক: http://www.bigm-bd.com/edward/

১২। অন-লাইন পেমেন্ট স্লিপটি ফটোকপি করে মূল কপি কমিটির নিকট জমা দিবে এবং ফটোকপিটি নিজে সংগ্রহ করবে।

প্রতিস্বাক্ষর

অধ্যক্ষ
সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।

১। প্রফেসর সুকমল কুমার সরকার, উদ্ভিদবিজ্ঞান ও আহবায়ক
২। জনাব মো. রফিকুল ইসলাম, সহকারী অধ্যাপক, ই.শি- ও সদস্য
৩। জনাব খালিদ হুসাইন, প্রভাষক, আইসিটি- ও সদস্য

উচ্চ মাধ্যমিক ফরম পূরণ কমিটি-২০২৩, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।
তারিখ : ০৫ /০৭/২০২৩ খ্রি.

স্মারক নং-সএক/৪৬৪/২১

অবগতি ও কার্যার্থে অনুলিপি দেয়া হলো:

১। সম্পাদক, শিক্ষক পরিষদ, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা
২-১৭। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা
১৮। আহ্বায়ক, ওয়েব সাইট উন্নয়ন কমিটি (ওয়েব সাইটে প্রদর্শন করার অনুরোধসহ)
১৯। হিসাব রক্ষক, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা
২০। নোটিশ বোর্ড
২১। অফিস নথি

আহবায়ক
উচ্চ মাধ্যমিক ফরম পূরণ কমিটি-২০২৩
সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।